



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
www.dpe.gov.bd  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬



জরুরি

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.৪৫.০০১.২০.৮

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭

২৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: ই-প্রাইমারি স্কুল সিস্টেম এ তথ্য হালনাগাদকরণ এবং ভেলিডেশন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবা মডিউলের ই-প্রাইমারি সিস্টেম এর মাধ্যমে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় (পুরাতন সরকারি এবং জাতীয়করণকৃত) এর অনুমোদিত পদ, কর্মরত সকল শিক্ষকদের ব্যক্তিগত সকল তথ্য এবং ২০২১ সনের শিক্ষার্থীর সংখ্যা বিনা ব্যর্থতায় আগামী ০৪ মার্চ ২০২১ তারিখের মধ্যে সঠিকভাবে হালনাগাদকরণ এবং ভেলিডেশনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। ই-প্রাইমারি স্কুল সিস্টেম এ তথ্যাদি হালনাগাদ এবং ভেলিডেশনের নিমিত্ত নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:

ক) নির্দিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাঁর নিজ দায়িত্বে বিদ্যালয়ের অনুমোদিত পদ, কর্মরত শিক্ষকগণের ব্যক্তিগত তথ্যাবলি এবং ২০২১ শিক্ষাবর্ষের শ্রেণীভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা এন্ট্রি নিশ্চিত করবেন এবং হালনাগাদ করবেন।

খ) কোন শিক্ষক আন্ত: বিভাগীয়/আন্ত: জেলা/আন্ত: উপজেলা বদলি হয়ে থাকলে সংশ্লিষ্ট অফিস (বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস/জেলা প্রাথমিক শিক্ষা অফিস/ উপজেলা শিক্ষা অফিস) User ID ও Password এর মাধ্যমে ই-প্রাইমারি স্কুল সিস্টেম লগইন করে নির্ধারিত তারিখের মধ্যে বদলীকৃত এবং যোগদানকৃত শিক্ষকগণের তথ্য সিস্টেমে আপডেট নিশ্চিত করবেন।

গ) কোন শিক্ষক পিআরএল/অবসর বা চাকুরী হতে অব্যাহতি বা মারা গেলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার শিক্ষক পদায়ন অপশন হতে তাঁকে পিআরএল/অবসর বা চাকুরী হতে অব্যাহতি বা অন্যান্য অপশন দিয়ে ডাটা আপডেট করবেন।

ঘ) কোন শিক্ষকের ব্যক্তিগত তথ্য ভেলিডেশনের ক্ষেত্রে প্রথমে সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং পরবর্তীতে উপজেলা/থানা শিক্ষা অফিসার “ডাটা ভেলিডেশন” অপশন হতে তথ্যাদি যাচাইপূর্বক তথ্য ভেলিডেশন করবেন।

৩। উল্লেখ্য, শিক্ষক বদলীর আবেদন প্রক্রিয়া অনলাইনে সম্পাদিত হবে। ই-প্রাইমারি স্কুল সিস্টেমে সকল বিদ্যালয়ের অনুমোদিত পদ ও কর্মরত শিক্ষক তথ্য হালফিল না থাকলে শিক্ষকগণ বদলির আবেদন করতে পারবেন না। তাই এ সংক্রান্ত কোন অবহেলা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। বিষয়টি অতীব জরুরী।

২৮-২-২০২১

মোঃ বদিয়ার রহমান  
পরিচালক (আইএমডি)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা  
অফিস, সংশ্লিষ্ট জেলা।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.৪৫.০০১.২০.৮/১

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭

২৩ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

২) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম (যথাসময়ে পদায়ন নিশ্চিত করা এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা ও যথাসময়ে কার্য সম্পাদনের নির্দেশ প্রদানের অনুরোধসহ)

৪) উপজেলা শিক্ষা অফিসার(সকল), প্রাথমিক শিক্ষা, সংশ্লিষ্ট উপজেলা (সকল প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করবেন)।



২৮-২-২০২১

মোঃ বদিয়ার রহমান  
পরিচালক (আইএমডি)